



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
কমান্ড্যান্ট (এস,পি) এর কার্যালয়
আরআরএফ, চট্টগ্রাম



স্মারক নং-প্রশা/ ৪২৬

/১ম/

তারিখ- ০৬/০৪/২০২১খ্রিঃ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্মরণীয় মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ পুলিশ শাখা-০২ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৪.২০২০.২৩৬.তারিখ-২২/০৬/২০২০খ্রিঃএবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকা এর স্মারক নং-প্রশাসন/১২-২০১৩/৩২৭(৪),তারিখ-১৩/০৭/২০২০খ্রিঃ মোতাবেক নিম্নবর্ণিত শূণ্য পদটি অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে চট্টগ্রাম বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা
০১।	বাবুর্চি	০১টি।	৮.২৫০-২০,০১০/-	অষ্টম শ্রেণী পাশ এবং রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ-

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং চট্টগ্রাম বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি কমান্ড্যান্ট (এস,পি) এর অফিসিয়াল ফেসবুক পেইজ আরআরএফ,চট্টগ্রাম, বাংলাদেশ পুলিশ ইইতে এবং অফিস সকল সরকারী কার্য দিবসে অফিস চলাকালীন সময় অফিস হতে সংগ্রহ করা যাবে।
- ০৩। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্ব-হস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিতস্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।
- ০৪। আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(ক) মেয়র সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(ঘ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি অথবা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এক্ষণে সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবেনা। উল্লেখ্য যে, আবেদনকারী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হন সেক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ঙ) প্রার্থীকে ১-২২১১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানোর মাধ্যমে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানোর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(চ) নির্ভুল ঠিকানায় সাক্ষাৎকারপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট লাগানো ১০.৫" x ৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।
- ০৫। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম,বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর নাম পূর্ণ নাম,ঠিকানা স্পর্শ করে উল্লেখ করতে হবে।
- ০৬। প্রার্থীর বয়স আগামী ০৬/০৫/২০২১খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৭। দরখাস্ত কমান্ড্যান্ট (এস,পি) কে সম্বোধন করে লিখতে হবে।
- ০৮। আগামী ০৬/০৫/২০২১খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে ও অফিসে পৌছাইতে হবে। সরাসরি এ অফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৯। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ভুল তথ্য সম্বলিত ও বিলাসে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে।
- ১০। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।
- ১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- ১২। আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- ১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(এম.এ. মাসুদ)

বিপি-৭৩০৩০২০৮১৮

কমান্ড্যান্ট (এস,পি)

আরআরএফ, চট্টগ্রাম

ফোন-৭১০৮৭৬, ফ্যাক্স-২৫২৬৪৯৯

E-mail: comrrfchittagong@police.gov.bd